

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৭.১৮-৪৮৪

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৬
১৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১১৩৬৫/২০১৬ মামলায় ০৬.১২.১৭ খ্রি. তারিখের রায়/আদেশ স্থগিতকরণের বিষয়ে বিজ্ঞ অ্যাটর্নী জেনারেল ও অ্যাডভোকেট অন রেকর্ড এর সাথে যোগাযোগ রক্ষাক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি টিএমইডিতে প্রেরণ।

সূত্র:	(১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৭.১৪৯.৭০৪,	তারিখ: ০৪.০৩.২০১৮ খ্রি.।
	(২) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৭.১৪৯.৯৬০,	তারিখ: ০৮.০৮.২০১৮ খ্রি.।
	(৩) সলিসিটর উইং এর স্মারক নং-এসসি/এ-৫৮৭/২০১৮ সি ৪০০	তারিখ: ২৩.০৪.২০১৮ খ্রি:।
	(৪) কারিগরি ও মাদ্রাসাশিক্ষাবিভাগেরস্মারকনং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৭.১৮-৩২১,	তারিখ: ২০.০৮.২০১৮ খ্রি:।
	(৫) কারিগরি ও মাদ্রাসাশিক্ষাবিভাগেরস্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৭.১৮-১৯৫,	তারিখ: ২৩.০৯.২০১৮ খ্রি:।
	(৬) কারিগরি ও মাদ্রাসাশিক্ষাবিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৭.১৮-২৬৭,	তারিখ: ১৬.০৫.২০১৯ খ্রি:।
	(৭) কারিগরি ও মাদ্রাসাশিক্ষাবিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৭.১৮-৩২৯,	তারিখ: ২৪.০৬.২০১৯ খ্রি:।
	(৮) সলিসিটর উইং এর স্মারক নং-১০.১৩৪.০০.০০.৫৮৭.২০১৮(রিট-১)(অংশ)/৬১৪	তারিখ: ২৯.০৯.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন বোয়াইলভীর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ নামীয় বেসরকারি কলেজের জনাব মো: মোজাম্মেল হক এবং বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সহকারী লাইব্রেরিয়ান ও টাইপিং ল্যাব সহকারী পদে কর্মরতগণ (মোট ৩০ জন) কর্তৃক তাদের স্ব-স্ব প্রতিষ্ঠানে (বেসরকারি) যোগদানের তারিখ হতে বকেয়া বেতন ভাতাদিসহ এমপিওভুক্তির দাবী করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৩৬৫/২০১৬ দায়ের হয়।

০২. পরবর্তীতে উক্ত রিট মামলার ০৬/১২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশে পিটিশনারগণকে বকেয়াসহ বেতন ভাতার সরকারি অংশ প্রদানের জন্য সরকার পক্ষের প্রতি নির্দেশনা দেয়া হয়। উক্ত রিট মামলায় মহামান্য আদালতের নির্দেশনাটি নিম্নরূপ:

"In the result, the Rule is disposed of. The Respondents are directed to release the government portion of salary, Monthly Pay Order (MPO) of the petitioners with arrear and other service benefit, if any within 1 (one) month on receipt of the judgment and order without any fail."

০৩. মহোদয় সমীপে এখানে উল্লেখ্য যে, উক্ত রায়ের এক অংশে উল্লেখ রয়েছে, "The rule is not opposed by filing any affidavit in opposition" অর্থাৎ উক্ত রিট মামলায় সরকারি স্বার্থ সংরক্ষণে ন্যূনতম পদক্ষেপ গৃহীত না হওয়ায় সরকার প্রতিকূলে রায় হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

০৪. উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সূত্র নং (১) এবং (২) মূলে আপীল দায়েরসহ রায় স্থগিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ সলিসিটর-কে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়।

০৫. তদপ্রেক্ষিতে সলিসিটর উইং কর্তৃক সূত্রে বর্ণিত (৩) নং স্মারকমূলে মহামান্য আপিল বিভাগে আপীল দায়েরের জন্য বিজ্ঞ আইনজীবী জনাব সুফিয়া খাতুনকে এডভোকেট-অন-রেকর্ড (এ.ও.আর) হিসেবে নিয়োগ করা হলে তিনি কর্তৃক আপীল বিভাগে সি.পি নং-৩৫৬২/২০১৮ দায়ের করা হয়।

০৬. পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশটি স্থগিত না হওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগের রায়টি বাস্তবায়ন নিশ্চিতকরণের নিমিত্ত পিটিশনার কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-২৩৫/২০১৮ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে কনটেম্পট মনর রেসপন্ডেন্টস করা হয়েছে।

০৭. ফলে অতি দ্রুত মহামান্য হাইকোর্টের ০৬.১২.১৭ খ্রি. তারিখের আদেশটির কার্যকারিতা স্থগিতকরণের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ আবশ্যিক। এ বিষয়ে সূত্র (৮) মূলে সলিসিটর উইং কর্তৃক বিজ্ঞ অ্যাটর্নী জেনারেল ও এডভোকেট অন রেকর্ড কে অতি জরুরিভিত্তিতে রায় স্থগিত করার ও দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)। সেসাথে পরবর্তীতে টিএমইডি সংশ্লিষ্ট সকল মামলা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত (সংযুক্ত হক মতে উপস্থাপিত তথ্য উদ্ধৃতক্রমে) সলিসিটর উইংকে অনুরোধ করা আবশ্যিক।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১৩৬৫/২০১৬ মামলায় গত ০৬.১২.১৭ তারিখের রায় স্থগিতের বিষয়ে বিজ্ঞ অ্যাটর্নী জেনারেল ও এডভোকেট অন রেকর্ড এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ, মনিটরিং ও দেখভাল করে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ২৯.০৯.১৯ তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মো: আ: খালেদ সিএগা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় অ্যাটর্নী জেনারেল অ্যাটর্নী জেনারেলের কার্যালয় বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।